



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০

(সংস্থাপন বিভাগ)

www.badc.gov.bd

‘উন্নয়ন মেলা- ২০১৭’ বিষয়ে বিএডিসি’র করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ নাসিরুজ্জামান, (অতিরিক্ত সচিব), চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।
তারিখ ও সময় : ২১ ডিসেম্বর ২০১৬; দুপুর ৩.০০ ঘটিকা।
স্থান : বোর্ড রুম।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে অনুষ্ঠিতব্য ‘উন্নয়ন মেলা- ২০১৭’ বিষয়ে বিএডিসি’র করণীয় নির্ধারণের জন্য বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ‘উন্নয়ন মেলা ২০১৭’-তে সফলভাবে অংশগ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর
১.	মাননীয় কৃষিমন্ত্রীর ডিও লেটার সম্বলিত লিফলেট ‘উন্নয়ন মেলা ২০১৭’-তে প্রচারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মাননীয় কৃষিমন্ত্রীর ডিও লেটার সম্বলিত লিফলেট ‘উন্নয়ন মেলা ২০১৭’-তে প্রচারের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	মহাব্যবস্থাপক (বীজ/সারব্যবস্থাপনা), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) ও সংশ্লিষ্ট কমিটি।
২.	‘উন্নয়ন মেলা- ২০১৭’ উপলক্ষে বিএডিসি’র বীজ, সার ও সেচ কার্যক্রম যথাযথভাবে প্রস্তুত সম্বলিত একটি পোস্টার মুদ্রণ ও প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উন্নয়ন মেলা ২০১৭’-তে প্রচারের লক্ষ্যে বিএডিসি’র বীজ, সার ও সেচ কার্যক্রম যথাযথভাবে প্রস্তুত সম্বলিত ‘উন্নয়ন মেলা- ২০১৭’ শীর্ষক একটি পোস্টার ডিজাইন এবং ১০,০০০ (দশ হাজার) পোস্টার মেলা ও জেলা শহরে বিতরণের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ/সারব্যবস্থাপনা), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) ও সংশ্লিষ্ট কমিটি।
৩.	‘উন্নয়ন মেলা- ২০১৭’-তে অংশগ্রহণের লক্ষ্যে বিএডিসি’র বীজের প্রদর্শনী, সারের নমুনা প্রদর্শন ও সেচ কার্যক্রমসমূহ প্রদর্শন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উন্নয়ন মেলা ২০১৭’-তে অংশগ্রহণের লক্ষ্যে বিএডিসি’র বীজের প্রদর্শনী, সারের নমুনা প্রদর্শন ও সেচ কার্যক্রমসমূহ প্রদর্শন করতে হবে।	
৪.	বিএডিসি’র কার্যক্রম বিষয়ক একটি লাল ফোল্ডার মেলাতে রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিএডিসি’র কার্যক্রম বিষয়ক একটি লাল ফোল্ডার মেলাতে রাখা হবে।	
৫.	‘উন্নয়ন মেলা- ২০১৭’ সফলভাবে অংশগ্রহণের লক্ষ্যে একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়।	‘উন্নয়ন মেলা- ২০১৭’ সফলভাবে অংশগ্রহণের নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়: সদস্য পরিচালক (বীজ ও উদ্যান)- আহবায়ক; সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ)- সদস্য; মহাব্যবস্থাপক (বীজ/সারব্যবস্থাপনা)- সদস্য; প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)- সদস্য; প্রধান	সংস্থাপন বিভাগ।

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা।
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৩.০৩৩.০০.০০.১৩০১.২০১১-২০১৭(৩)

তারিখ: ২১ ডিসেম্বর ২০১৬।

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)।

বিষয়ঃ 'উন্নয়ন মেলা-২০১৭' বিষয়ে বিএডিসি'র করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে অনুষ্ঠিতব্য 'উন্নয়ন মেলা-২০১৭' উপলক্ষে বিএডিসি'র করণীয় নির্ধারণের লক্ষ্যে ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতির লক্ষ্যে এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

একান্তভাবে আপনার,

(তুলসী রঞ্জন সাহা)

(যুগ্মসচিব)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন নম্বর- ৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd

সংযুক্তি: ০২ (দুই পাতা)।